

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস আইসিডি
কমলাপুর, ঢাকা।

নথি নং-৫-কাস (১৫)ইটি/অ:আ:/কা:হা: আইসিডি/২০১১/পাট-২/

তারিখ: ২০/১০/২০২৪ খ্রিঃ।

অফিস আদেশ

কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা এর মাধ্যমে আমদানি-রপ্তানি কার্যক্রমের পাশাপাশি বাণিজ্য সহজীকরণের উদ্দেশ্যে নানামুখী কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। উক্ত কার্যক্রমের ধারাবাহিকতায় সরকারের রাজস্ব সুরক্ষা ও যথাযথ রাজস্ব আহরণের স্বার্থে আমদানিকৃত পণ্য যথাযথভাবে চিহ্নিতকরণ এবং পণ্যের নিরাপত্তা নিশ্চিতকরণসহ সার্বিক বিষয় বিবেচনায় আগামী ০১.১১.২০২৪ খ্রিঃ তারিখ হতে আমদানিকৃত সকল প্রকার পণ্যচালান খালাসের লক্ষ্যে কিপ ডাউনকৃত পণ্যচালান এর কায়িক পরীক্ষা প্রতিকার্যদিবসে সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে সম্পন্ন করতে হবে।

২। মূল্য সংযোজন কর নিবন্ধিত Industrial IRC holder VAT compliant উৎপাদনকারী (Manufacturing Industry) শিল্প প্রতিষ্ঠানের কাঁচামাল বা উপকরণ হিসেবে ব্যবহার্য পণ্য আমদানির ক্ষেত্রে আমদানিকৃত পণ্যচালান খালাসের লক্ষ্যে কিপ ডাউনকৃত পণ্যচালান এর কায়িক পরীক্ষা সম্পাদন সংক্রান্ত বিষয়টি Case to Case ভিত্তিতে কমিশনার কর্তৃক নির্ধারিত হবে।

৩। সরকারের রাজস্ব সুরক্ষা ও যথাযথ রাজস্ব আহরণের স্বার্থে সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য।

স্বাঃ

ড. নাহিদা ফরিদী
কমিশনার

ফোন: ০২-৪৮৩১৩৮৪৩

ই-মেইল: icdcus@gmail.com

নথি নং-৫-কাস (১৫)ইটি/অ:আ:/কা:হা: আইসিডি/২০১১/পাট-২/ ২০১১(৩) তারিখ: ২০/১০/২০২৪ খ্রিঃ।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। ডেপুটি ট্রাফিক ম্যানেজার, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, আইসিডি, কমলাপুর, ঢাকা।
- ০২। সভাপতি/সাধারণ সম্পাদক, ঢাকা কাস্টমস এজেন্ট এসোসিয়েশন, ঢাকা।
- ০৩। পি এ টু সদস্য, কাস্টম নীতি ও আইসিটি, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

Handy
20.10.2024
ড. নাহিদা ফরিদী
কমিশনার